

অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগ ও সংস্থার কার্যাবলীঃ বাস্তবায়ন অনুবিভাগ

অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ হলোঃ সরকারি, আধা-সরকারি, স্ব-শাসিত প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/কর্মচারীদের বেতনস্কেল নির্ধারণ। সকল শ্রেণির কর্মকর্তা/কর্মচারীদের বেতন স্কেল উন্নীতকরণ/বেতনস্কেল পুনঃ নির্ধারণ ও বেতন বৈষম্য দূরীকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ। সরকার কর্তৃক জাতীয় বেতন কমিশন গঠন এবং বেতন কমিশনের সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত কার্যাবলী। বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন। বেতন সংক্রান্ত জারিকৃত যাবতীয় সার্কুলার, স্মারক, প্রজ্ঞাপন/পরিপত্র ইত্যাদি হালনাগাদকরণ এবং মুদ্রণের ব্যবস্থা করা। ২০১৮-১৯ অর্থবছরে বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রমসমূহ সংক্ষেপে নিম্নে উপস্থাপন করা হলোঃ

- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং তার আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এবং সংস্থার অস্থায়ীভাবে রাজস্ব খাতে নবসৃষ্ট/সৃজিত মোট ৩৩,৯১৬ টি পদের বেতনগ্রেড নির্ধারণ করা হয়েছে;
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং তার আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এবং সংস্থার উন্নয়ন প্রকল্প হতে অস্থায়ীভাবে রাজস্বখাতে স্থানান্তরিত মোট ৬,৩৬১ টি পদের বেতনগ্রেড নির্ধারণ করা হয়েছে;
- সিলেকশন গ্রেড/টাইমস্কেল বিষয়ে মোট ১৫৪ টি মতামত প্রদান করা হয়েছে;
- বেতনস্কেল উন্নীত ও পুনঃনির্ধারণ করা হয়েছে ১৩,২৭৮টি পদে;
- বেতন বৈষম্য দূরীকরণ বিষয়ে ২টি মতামত প্রদান করা হয়েছে;
- রীট পিটিশন/ এটি মামলার দফা ওয়ারী মোট ১২৭ টি জবাব প্রদান করা হয়েছে;
- জাতীয় সংসদ সংশ্লিষ্ট প্রশ্নোত্তর প্রদান করা হয়েছে; এবং
- বিবিধ বিষয়ে ২০৪ টি মতামত/ব্যাখ্যা প্রদান করা হয়েছে।